# জামায়াত নেতা হত্যা মামলায় বিএনপি প্রার্থীসহ ৪০ জনের আগাম জামিন



নিহত রেজাউল করিম। ছবি: সংগৃহীত

শেরপুরের শ্রীবরদীতে জামায়াতের উপজেলা সেক্রেটারি মাওলানা রেজাউল করিম নিহত হওয়ার ঘটনায় দায়ের করা মামলায় প্রধান আসামি শেরপুর-৩ আসনের বিএনপি প্রার্থী মাহমুদুল হকসহ ৪০ জনকে আগাম জামিন দিয়েছেন হাইকোর্ট।

সোমবার (২ ফেব্রুয়ারি) বিচারপতি কামরুল হোসেন মোল্লা ও বিচারপতি ফয়সাল হাসান আরিফের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। এর আগে মামলায় অভিযুক্তরা আগাম জামিন চেয়ে হাইকোর্টে আবেদন করেন।

মামলার বিবরণ অনুযায়ী, গত ২৮ জানুয়ারি বিকেলে ঝিনাইগাতী উপজেলা প্রশাসনের আয়োজনে নির্বাচনী ইশতেহার ঘোষণা অনুষ্ঠানে আসন গ্রহণকে কেন্দ্র করে জামায়াত ও বিএনপির কর্মীদের মধ্যে বাগ্‌বিতণ্ডা শুরু হয়। এক পর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। এতে গুরুতর আহত হন মাওলানা রেজাউল করিম। পরে তাকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে মৃত্যু হয়।

আসামিপক্ষের আইনজীবীর বক্তব্য, নির্বাচনী প্রতিযোগিতা থেকে মাহমুদুল হককে সরাতে উদ্দেশ্যমূলকভাবে এ মামলা করা হয়েছে।

LENS ASIA